

ত্রী আল-আহকাফ | Al-Ahqaf | الْأَحْقَاف

আয়াতঃ ৪৬:৬

💵 আরবি মূল আয়াত:

وَ إِذَا حُشِرَ النَّاسُ كَانُوا لَهُم اَعدآءً وَّ كَانُوا بِعِبَادَتِهِم كُفِرِينَ ﴿ ٤﴾

আর যখন মানুষকে একত্র করা হবে, তখন এ উপাস্যগুলো তাদের শক্র হবে এবং তারা তাদের ইবাদাত অস্বীকার করবে। — আল-বায়ান

কিয়ামতের দিন মানুষকে যখন একত্রিত করা হবে, তখন ঐগুলো (অর্থাৎ উপাস্যরা) হবে মানুষের শত্রু আর মানুষ যে তাদের 'ইবাদাত করেছিল তা তারা অস্বীকার করবে। — ভাইসিক্লল

যখন কিয়ামাত দিবসে মানুষকে একত্রিত করা হবে তখন ঐগুলো হবে তাদের শত্রু, ঐগুলো তাদের ইবাদাত অস্বীকার করবে। — মুজিবুর রহমান

And when the people are gathered [that Day], they [who were invoked] will be enemies to them, and they will be deniers of their worship. — Sahih International

৬. আর যখন কিয়ামতের দিন মানুষকে একত্র করা হবে তখন সেগুলো হবে এদের শক্র এবং এরা তাদের ইবাদাত অস্বীকার করবে।

তাফসীরে জাকারিয়া

- (৬) যখন কিয়ামতের দিন মানুষকে একত্রিত করা হবে, তখন তারা তাদের শত্রু হয়ে দাঁড়াবে এবং তাদের উপাসনাকে অস্বীকার করবে। [1]
 - [1] এই বিষয়টি কুরআনের একাধিক জায়গায় বর্ণিত হয়েছে। যেমন, সূরা ইউনুসের ২৯নং আয়াতে, সূরা মারয়্যামের ৮১-৮২নং আয়াতে এবং সূরা আনকাবুতের ২৫নং আয়াত সহ আরো অন্য আয়াতেও বর্ণিত হয়েছে। দুনিয়াতে দু' প্রকারের উপাস্য বিদ্যমান রয়েছে। এক তো হল, নিষ্প্রাণ জড়পদার্থ, উদ্ভিদ এবং মহান আল্লাহর মহাশক্তির নিদর্শনাবলী (সূর্য, আগুন প্রভৃতি)। আল্লাহ তাআলা এগুলোর মধ্যে প্রাণ এবং বাকশক্তি দান করবেন। ফলে এ জিনিসগুলো মুখের ভাষায় ব্যক্ত করবে যে, এ কথা আমরা আদৌ জানতাম না যে, এরা আমাদের পূজা করত এবং তোমার উপাস্যত্বে আমাদেরকে শরীক করত। কেউ কেউ বলেছেন, বাচনিক জবানে নয়, বরং অবস্থার



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4516

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন